কুষ্টিয়ায় অমর একুশে বইমেলার উদ্বোধন

কুষ্টিয়ার জেলা প্রশাসক মো: এহেতেশাম রেজা বলেছেন, বই মানুষের জ্ঞানকে সমাদৃত করে। এজন্য আমাদের উচিত মানুষকে বই উপহার দিয়ে তাদেরকে জ্ঞান অর্জনের প্রতি উৎসাহিত করা। তাহলে আমরা একটি শিক্ষিত জাতি গড়তে সক্ষম হবো।

আজ বুধবার সকাল সাড়ে ১১টায় মহান একুশে ফেব্রুয়ারি ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৪ উপলক্ষে কুষ্টিয়া জেলা প্রশাসনের উদ্যোগে কালেক্টরেট চত্বরের শহীদ মিনার প্রাঙ্গনে ৩দিনব্যাপী বই মেলার উদ্বোধনকালে তিনি এসব কথা বলেন।

তিনি আরও বলেন, শিক্ষা মানুষের অমূল্য সম্পদ। আর শিক্ষা লাভের জন্য আমাদের বেশি বেশি বই পড়তে হবে।

উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) শারমিন আক্তার।

এ সময় অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট ও মেলা কমিটির আহ্বায়ক কুষ্টিয়া কালেক্টরেটের নির্বাহী ম্যাজিস্ট্রেটরা, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষার্থীরা এবং বই মেলায় অংশগ্রহণকারী স্টলের মালিকরা উপস্থিত ছিলেন।
বই মেলায় বিভিন্ন পুস্তক ব্যবসায়ীসহ ৩০টি ষ্টল অংশ নেয়।